



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ জামালপুর-০২/ ২৪৫৯/৪


তারিখঃ ১৯/০৩/২০১৭খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

- সূত্র : ১) নং- বামাশিবো/প্রশা/ জামালপুর-০২/১৮৬৬/৪; তারিখঃ ১২/০১/২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/ জামালপুর-০২/১৩৮৬/৪; তারিখঃ ০৯/১০/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন পয়লা বানিয়াবাড়ী ইসলামিয়া ফাজিল মাদরাসার প্রভাষক (আরবী) পদে জনাব আঃ আলীমের নিয়োগ প্রদানের বিষয়ে প্রভাষক (আরবী) এ.ডি, আব্দুর রাজ্জাক একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগের বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত বক্তব্য দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত স্মারকদ্বয়ে মাদরাসার অধ্যক্ষ ও গভার্ণিং বডির সভাপতিকে পত্র দেয়া হয়েছিল। অদ্যাবধি কোন কাগজপত্র ও জবাব পাওয়া যায়নি।

বারবার পত্র দেয়া সত্ত্বেও মাদরাসার অধ্যক্ষ ও গভার্ণিং বডির সভাপতি কর্তৃক কোনরূপ জবাব দাখিল না করার বিষয়টি বোর্ড তথা সরকারি আদেশ অমান্য করার সামিল বিধায় কেন অধ্যক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এদপ্তর হতে অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি/সদস্য- গভার্ণিং বডি, পয়লা বানিয়াবাড়ী ইসলামিয়া ফাজিল মাদরাসা, মেলান্দহ, জামালপুর।
২) অধ্যক্ষ, পয়লা বানিয়াবাড়ী ইসলামিয়া ফাজিল মাদরাসা, মেলান্দহ, জামালপুর।

নং- বামাশিবো/প্রশা/ জামালপুর-০২/

তারিখঃ ১০/৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর।
২. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
৩. সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, পয়লা বানিয়াবাড়ী ইসলামিয়া ফাজিল মাদরাসা, মেলান্দহ, জামালপুর।
৪. জনাব এ. ডি, আব্দুর রাজ্জাক, প্রভাষক (আরবী), পয়লা বানিয়াবাড়ী ইসলামিয়া ফাজিল মাদরাসা, মেলান্দহ, জামালপুর।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪